মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/এসএসসি/২০২৪/১০৪৮ তারিখ: ১৭.১১.২০২৪ খ্রি.

এসএসসি পরীক্ষা-২০২৫ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বরিশাল শিক্ষাবোর্ডের অধীনে ২০২৫ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার **Online** এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি বরিশাল শিক্ষাবোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

০১। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**Probable list**) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট (**www.barisalboard.gov.bd**) এ ২৮.১১.২০২৪ তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০১.১২.২০২৪ থেকে ৯.১২.২০২৪ তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eFF**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **Panel Link(SSC eFF 2025)** এ ক্লিক করে **EIIN** ও **Possword** দিয়ে **Login** করে **Probable list** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Select** করতে হবে।

(গ) **Temporary List Print** করে ভালভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে **Select/UnSelect** করা যাবে।

(ঘ) **Temporary List** চূড়ান্ত হলে **Select** হওয়া অংশ **Final Submit** করতে হবে।

(ঙ) **Final Submit** করার পর **Payment menu Click** করে **Sonali payment Gateway** এর মাধ্যমে **payment** সম্পন্ন করতে হবে।

(চ) নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণ এবং **payment** সম্পন্ন হলে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের ফরম পূরণ একই প্রক্রিয়ায় পরবর্তী ধাপে সম্পন্ন করা যাবে।

(ছ) ১১.১২.২০২৪ হতে ১৪.১২.২০২৪ তারিখ পর্যন্ত বিলম্ব ফি সহ পরবর্তী ধাপে অনলাইনে ফরম পূরণ (**eFF**) করা যাবে।

০২। **payment** করার মাধ্যম:

(ক) সোনালী ব্যাংক অন-লাইন একাউন্ট।

(খ) **Card Services (NEXUS, AMEX, MASTER VISA)**

(গ) **Mobile Banking (Nagad,bkash,Rocket,Tap)**

বিশেষ দ্রষ্টব্য: **payment** করার ক্ষেত্রে সোনালী ব্যাংক অন-লাইন একাউন্ট ব্যবহার করা শ্রেয়, তবে ২৫,০০০/-টাকার নিচে হলে **Card Services** অথবা **Mobile Banking** ব্যবহার করা যাবে।

০৩। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ০১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

০৪। ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ: বিলম্ব ফি ছাড়া ১০.১২.২০২৪এবং বিলম্ব ফি সহ ১৫.১২.২০২৪তারিখ পর্যন্ত।

ক্র:নং	কাজের বিবরণ	তারিখ
(ক)	রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২৪ সালের অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৫ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ:	২১.১১.২০২৪
(খ)	নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ:	২৭.১১.২০২৪
(গ)	অনলাইনে ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া	০১/১২/২০২৪ হতে ০৯/১২/২০২৪
(ঘ)	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ	১০/১২/২০২৪
(ঙ)	বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণ	১১/১২/২০২৪ হতে ১৪/১২/২০২৪
(চ)	পরীক্ষার্থী প্রতি ১০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণ ও ফি জমা দেওয়ার তারিখ:	১৫/১২/২০২৪
(ছ)	**Online** এ **TIEP** সংশোধন ও নতুন অর্ন্তভূক্তি (পরীক্ষক নিয়োগের জন্য)	১৬/১২/২০২৪ হতে ৩০/১২/২০২৪

০৫। পরীক্ষার মাধ্যম:

বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট হাতে হাতে ২৮/১১/২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

ছক

ক্রমিক নং	বিভাগ	বিষয়ের নাম	বিষয় কোড	শিক্ষাবর্ষ	মোট পরীক্ষার্থীর সংখ্যা

০৬। (ক) ফি এর হার:

পরীক্ষার্থীর ধরণ	পরীক্ষার ফি (পত্র প্রতি)	ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি)	মূল সনদ	অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি)	অনুমতি ও তালিকা ভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি)	বয়েজ স্কাউট/গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি)	রেজি: নবায়ন ফি (২০২০-২০২১) সালের রেজি:ধারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য	বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি)
১	২	৩	৪	৫	৬	৭	৮	১০	১১
নিয়মিত পরীক্ষার্থী	১১০.০০	৩০.০০	৮০.০০	১৫০.০০	-	-	২৫.০০		
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি	১১০.০০	৩০.০০	৮০.০০	১৫০.০০	১০০.০০	-	২৫.০০		
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে	১১০.০০	৩০.০০	৮০.০০	-	১০০.০০	-	২৫.০০	২০০.০০	৩০০.০০
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	১১০.০০	৩০.০০	৮০.০০	১৫০.০০	-	১০০.০০	২৫.০০		

(খ) কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে):

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অমৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই, পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা।

(২) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে, পরীক্ষার্থী প্রতি ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/- (দশ) টাকা। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রসচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী/ পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫ টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ০৭/-(সাত) টাকা, প্রতিষ্ঠান ০৮(আট) টাকা ও সংশ্লিষ্ট আইসিটি শিক্ষক/পরীক্ষক ১০/-(দশ) টাকা হবে।

(গ) পরীক্ষার্থীদের ফরম পূরণের মোট ফি:

বিজ্ঞান বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ)	ব্যবসায় শিক্ষা বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ)	মানবিক বিভাগ (নিয়মিত) (৪র্থ বিষয়সহ)
১। বোর্ড ফি- ১,৭২৫.০০ টাকা ২। কেন্দ্র ফি- ৫১৫.০০ টাকা (ব্যবহারিক ফিসহ)	১। বোর্ড ফি- ১,৬৩৫.০০ টাকা ২। কেন্দ্র ফি- ৪৮৫.০০ টাকা (ব্যবহারিক ফিসহ)	১। বোর্ড ফি- ১,৬৩৫.০০ টাকা ২। কেন্দ্র ফি- ৪৮৫.০০ টাকা (ব্যবহারিক ফিসহ)
২,২৪০.০০ টাকা	২,১২০.০০ টাকা	২,১২০.০০ টাকা

(ঘ) বিলম্ব ফি : পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা।

(ঙ) পরীক্ষার্থীদের বেতন ও সেশনচার্জ ৩১ ডিসেম্বর-২০২৪ পর্যন্ত পরিশোধ করতে হবে। কোন পরীক্ষার্থীর নবম ও দশম শ্রেণির সর্বমোট ২৪ মাসের বেশি বেতন ও সেশনচার্জ নেয়া যাবে না। পৃষ্ঠা-০২

(চ) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি- এর অতিরিক্ত ফি কোনোভাবেই আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

০৭। **নিয়মিত পরীক্ষার্থী:** ২০২৩-২০২৪ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

০৮। **অনিয়মিত পরীক্ষার্থী :**

(ক) ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২৩ এবং ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে ০১(এক) থেকে ০৪(চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০২৪ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে পুনরায় এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

(ঘ) **রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ:** ২০২০-২০২১ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ ৪র্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে।

উপরের খ থেকে ঘ এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২৫ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপিএর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ণয় করা হবে।

(ঙ) **রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া:** ঘ এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে মূল রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দিয়ে নবায়নকৃত রেজি:কার্ড সংগ্রহ করতে হবে।

ছক

পূর্ববর্তী পরীক্ষার সাল ও রোল নম্বর	পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম	রেজি. নম্বর ও শিক্ষাবর্ষ	যে শিক্ষা প্রতিষ্ঠান হতে রেজি.কৃত তার নাম	অকৃতকার্য বিষয়ের নাম ও কোড নম্বর

০৮। **জিপিএ উন্নয়ন:** কেবল ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২৫ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পূর্নাঙ্গ সিলেবাসে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২৫ সালের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার প্রবেশপত্র এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি প্রিন্ট কপির সাথে জমা দিতে হবে।

০৯। **বহিস্কৃত পরীক্ষার্থী:** বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেযাদ থাকলে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। **চতুর্থ বিষয়ের সুবিধা:** ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০২৩ ও ২০২৪ সালের পরীক্ষায় অংশ্রগহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালে ৪র্থ বিষয়সহ সকল বিষয়ে পরীক্ষা দিতে পারবে। ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ সালের রেজি.ধারী পরীক্ষার্থীরা যারা ২০২৩ ও ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

১১। পাঠ্যসূচি:

(ক) ২০২৫ সালের এসএসসি পরীক্ষার পূর্নাঙ্গ সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষার্থীরা (নিয়মিত,অনিয়মিত ও মানোন্নয়ন) পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(খ) সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শরীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিস্ট কেন্দ্রকে সরবরাহ করবে সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে এরং ব্যবহারিক ও ধারাবাহিক মূল্যায়নের হাতে লেখা মূল নম্বরফর্দ মাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

১৩। নির্বাচনি পরীক্ষা:

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী এবং যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ব্যতীত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক।

17.11.24

প্রফেসর অরুন কুমার গাইন
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
ফোন: ০২৪৭৮৮৬৪৩৭০

স্মারক নং-বশিবো/এসএসসি/২০২৪/১০৪৮ তারিখ: ১৭.১১,২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে : অনুলিপি প্রেরণ করা হলো;

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। বরিশাল শিক্ষাবোর্ডের সকল কর্মকর্তা।

কার্যার্থে:

১। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
২। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
৪। বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষায় সংশ্লিষ্ট সকল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
৫। সংরক্ষণ নথি।

17.11.24

মো: নজরুল ইসলাম
উপ-পরীক্ষ নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল
ফোন: ০১৭১২-১৩৫৩৫৯